



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেহেরপুর
প্রোগ্রামার এর দপ্তর

ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণের সাথে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী*

সভাপতি	সুব্রত কুমার বিশ্বাস প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	: ২৭ ফেব্রুয়ারি ২০২৪;
সভার সময়	: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মেহেরপুর।
উপস্থিতি	পরিশিষ্ট ক দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এবং প্রধান কার্যালয়ের মাসিক সমন্বয় সভার জানুয়ারি ২০২৩ মাসের কার্যবিবরণীর নির্দেশনা সকলকে অবহিত করেন। সভাপতি সভায় অংশগ্রহণকারী উপজেলা কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামারগণকে স্বাগত জানান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ হয়। সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্তঃ প্রধান কার্যালয়ের জানুয়ারি ২০২৩ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিমাসে ন্যূনতম ০৪ টি এবং উপজেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিমাসে ন্যূনতম ০৫ টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” পরিদর্শন করতঃ সচিত্র প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।	নির্দেশনা মোতাবেক “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” পরিদর্শন ও সচিত্র প্রতিবেদন প্রধান কার্যালয়সহ জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।	
০২	জেলা ও উপজেলা পর্যায়ে Web Portal নিয়মিত হালনাগাদকরণঃ জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদ নিশ্চিত করতে হবে। এবং প্রতিবেদন নিয়মিত ভাবে প্রধান কার্যালয়সহ জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।	ওয়েব পোর্টাল এর মাধ্যমে প্রতিষ্ঠানের সকল কার্যক্রম যাতে সকলে অবহিত হতে পারে সেই জন্য নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। এবং এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত ভাবে প্রধান কার্যালয়সহ জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।	
০৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্তঃ এপিএ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য উপজেলা কার্যালয়ের ভূমিকা রয়েছে। সুতরাং এ সংক্রান্ত সকল প্রতিবেদন নিয়মিত প্রেরণ করতে হবে।	
০৪	জেলা কার্যালয়ের অধীনস্থ উপজেলার সাথে মাসিক সমন্বয় সভা আয়োজনঃ জেলা কার্যালয়ের অধীনস্থ উপজেলা কার্যালয়ের সাথে দাপ্তরিক কার্যক্রম বিষয়ে প্রতি মাসে মাসিক সমন্বয় সভা আয়োজন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত প্রেরণ করতে হবে।	প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয়ের অধীনস্থ উপজেলা কার্যালয়ের সাথে দাপ্তরিক কার্যক্রম বিষয়ে প্রতি মাসে মাসিক সমন্বয় সভা আয়োজন করা হবে। সংশ্লিষ্ট সকলকে পরবর্তী সমন্বয় সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে।	

০৫	ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং প্রশিক্ষণ আয়োজন	মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, স্যারের নির্দেশনা মোতাবেক প্রতিটি উপজেলায় ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং প্রশিক্ষণ আয়োজন করতে হবে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এ এ প্রশিক্ষণ পরিচালনা করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৬	জেলা ও উপজেলা আইসিটি কমিটির সভা সম্পর্কিতঃ জেলা ও উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে।	নিয়মিত আইসিটি কমিটির সভা আয়োজন করত সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৮-০২-২০২৪

সুব্রত কুমার বিশ্বাস
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)

১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৫৭০০.০০০.০৬.০০১.১৯.৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ৩। উপ-পরিচালক, অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ৪। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেহেরপুর সদর, মেহেরপুর;
- ৫। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গাংনী, মেহেরপুর এবং
- ৬। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুজিবনগর, মেহেরপুর।




২৮-০২-২০২৪

সুব্রত কুমার বিশ্বাস
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)